গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
বিদ্যালয়-১, অধিশাখা
www.mopme.gov.bd

স্মারক নং- ৩৮.০০.০০০০.০০৭.০৪.০০১.১৭/২০৯

তারিখঃ ১৯ ভাদ্র ১৪২৫
০৩ সেপ্টেম্বর ২০১৮

বিষয় ঃ রিট পিটিশন নং-১২০৬৪/২০১৭ (এ. বি. এম. মুজিবুর রহমান বরগুনা সদর বনাম সরকার) মামলার ২২/৮/২০১৭ তারিখের আদেশ নিষ্পত্তিকরণ।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বরগুনা জেলার সদর উপজেলার বাসুকী বেসরকারী প্রাথমিক বিদ্যালয়টি ইন্ডিজেন্ট সোস্যাল এ্যাডভান্সমেন্ট ফাউন্ডশেন (ইনসাফ) নামক এন জি ও কর্তৃক স্বেচ্ছাসেবী সংস্থার মাধ্যমে স্থাপিত ও পরিচালিত একটি প্রাথমিক বিদ্যালয়। রেজিষ্টার্ড বেসরকারী প্রাথমিক বিদ্যালয় ও কমিউনিটি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণের চাকুরী জাতীয়করণের লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রী বিগত ১২/১২/২০১২ তারিখে ২৬১৯৩টি প্রাথমিক বিদ্যালয় জাতীয়করণের জন্য অনুমোদন করেন। মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ঘোষিত ও অনুমোদিত বিদ্যালয়ের মধ্যে বর্ণিত বাসুকী বেসরকারী প্রাথমিক বিদ্যালয়টি অর্ন্তভুক্ত নয়।

এমতাবস্থায়, বরগুনা জেলা সদর উপজেলার বাসুকী বেসরকারী প্রাথমিক বিদ্যালয়টি মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক বেসরকারী প্রাথমিক বিদ্যালয় জাতীয়করণের জন্য ঘোষিত ২৬১৯৩টি প্রাথমিক বিদ্যালয়ের আওতাভুক্ত না হওয়ায় জাতীয়করণ করার কোন সুযোগ নেই মর্মে প্রধান শিক্ষক মোঃ মনিরুল ইসলাম-এর ২৫/০৪/২০১৭ তারিখের আবেদন নিষ্পত্তি করা হলো।

০৩/০৯/২০১৮

(গোপাল চন্দ্র দাস)
উপসচিব
ফোন- ৯৫১১০৭৩

মহাপরিচালক
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
মিরপুর-২, ঢাকা।

সদয় অবগতির জন্য অনুলিপি :

১। মহাপরিচালক, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট, শিক্ষা ভবন, ঢাকা।
২। বিজ্ঞ সলিসিটর, আইন ও বিচার বিভাগ, সুপ্রীম কোর্ট কমপ্লেক্স, ঢাকা।
৩। সিস্টেম এনালিষ্ট, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪। সহকারী সচিব, আইন, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
৫। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, বরগুনা
৬। জনাব মো: মনিরুল ইসলাম, প্রধান শিক্ষক, বাসুকী বেসরকারী প্রাথমিক বিদ্যালয়, সদর, বরগুনা।
৭। অফিস আদেশ।